

2019

B.A. (Hons.)

2nd Semester Examination

BENGALI

Paper – C3T

Full Marks : 60

Time : 3 Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

বিভাগ-ক

যে কোন দশটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ১। ‘ধমণ চমণ বেণি পিণ্ডি বইঠা।’—কার লেখা পদের অংশ? ‘ধমণ চমণ’ বলতে কী বোঝানো হয়েছে? ১+১=২
- ২। চর্যাপদের ৫ (পাঁচ) সংখ্যক পদে কে কী কারণে সাঁকো নির্মাণ করেছেন? ১+১=২
- ৩। শবর-শবরী কোন্ জনগোষ্ঠী লোক? কত সংখ্যক পদে এদের উল্লেখ লক্ষ করো? ১+১=২
- ৪। সহজিয়া বৌদ্ধ ধর্ম-দর্শনতত্ত্ব অনুযায়ী দেহের মধ্যের কল্পিত চক্রগুলির নাম এবং অবস্থান উল্লেখ করো। ১+১=২

[Turn Over]

- ৫। 'গঙ্গা জউনা' মাঝে কে কী কাজ করে?
- ৬। 'মাথুর' কাকে বলে? ২
- ৭। 'শ্রীদাম সুদাম দাম' পদটিতে গোপাল কে? তার নিরাপত্তার জন্য কে চিন্তিত? ১+১=২
- ৮। বৈষ্ণব অলংকার শাস্ত্র অনুসারে দশটি দশার উল্লেখ করো। ২
- ৯। 'আজু রজনী হাম ভাগে পোহায়লু।'—পদটি কোন পর্যায়ের? পদটির রচয়িতার অতিসংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১=২
- ১০। 'গগনহি নিমগন দিনমণি কাঁতি।'—পংক্তিটির অর্থ নিজের ভাষায় লেখো। ২
- ১১। আগমনী কাকে বলে? ২
- ১২। রামপ্রসাদ সেনের শাক্তপদের দুটি বৈশিষ্ট্য লেখো। ১+১=২
- ১৩। 'ওহে গিরিরাজ গৌরী অভিমান করেছে'—গৌরীর অভিমানের কারণ উল্লেখ করো। ২
- ১৪। 'শুনেছি দারুণ তুমি না রাখ সতের মান।'—'সতের মান' বলতে কী বোঝানো হয়েছে? ২
- ১৫। কলু তার বলদের চোখ ঢেকে রাখে কেন? রামপ্রসাদ সেনের পদ অবলম্বনে উত্তর দাও। ২

বিভাগ-খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

- ১৬। চর্যার ১০ সংখ্যক পদ অবলম্বনে নিম্ন-বর্গীয় মানুষের জীব ও জীবিকার পরিচয় দাও। ৫
- ১৭। চর্যাগানগুলিতে ব্যবহৃত যে-কোনো চারটি প্রবাদ-প্রবচনের উল্লেখ করো। ৫
- ১৮। 'এ সখি হামারি দুখের নাহি ওর'—পদটি অবলম্বনে বর্ষাকালীন প্রকৃতির বর্ণনা দাও। ৫
- ১৯। অভিসার কাকে বলে? বৈষ্ণব অলংকার শাস্ত্র অনুযায়ী অভিসারগুলির নাম লেখো। ২+৩=৫
- ২০। 'ওরে নবমী নিশি'—পদটির বক্তব্য সংক্ষেপে লেখো। ৫
- ২১। শাক্তপদাবলীর পাঠ্যপদ অবলম্বনে তৎকালীন বাংলাদেশের সামাজিক জীবনের পরিচয় দাও। ৫

বিভাগ-গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ২২। চর্যাপদে প্রতিফলিত বৌদ্ধ সহাজিয়া সাধকদের ধর্মতত্ত্বের স্বরূপটি বিশ্লেষণ করো। ১০

[Turn Over]

২৩। তোমাদের পাঠ্য জ্ঞানদাসের পদটি অবলম্বনে রাধার সুখোল্লাসের বর্ণনা দাও। রাধার অনুভূতি বর্ণনায় জ্ঞানদাসের স্বতন্ত্র বৈশিষ্ট্যের উল্লেখ করো। $৭+৩=১০$

২৪। বিজয়া কাকে বলে? এই পর্যায়ের পাঠ্য পদগুলিতে মাতৃহৃদয়ের যন্ত্রণার যে পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও। $২+৮=১০$

২৫। শাক্ত পদকর্তা হিসেবে রামপ্রসাদ এবং কমলাকান্তের কবি-প্রতিভার তুলনামূলক আলোচনা করো। ১০
